

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১০১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৯. তৃতীয় অনুচ্ছেদ - নম্রতা, লজ্জাশীলতা ও উত্তম স্বভাব

### আরবী

وَعَنْهُ

قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَكْمَلُ الْمُؤْمِنِينَ إِيمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا». وَالدَّهُ وَلَوْدُ وَالدَّهُ وَالدَّهُ وَالدَّهُ وَالدَّهُ وَالدَّهُ وَالدَّهُ وَلَوْدُ وَالدَّامُ وَالدَّهُ وَالْمُؤْمُ وَالدَّهُ وَالدَّهُ وَالدَّهُ وَالْمُؤْمُ وَالْمُؤْمُ وَالدَّامُ وَالْمُؤْمُ وَلَقُولُ وَالدَّهُ وَالْمُؤْمُ وَالْمُؤْمُ

#### বাংলা

৫১০১-[৩৪] উক্ত রাবী [আবূ হুরায়রা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাদের চরিত্র উত্তম, তারাই পূর্ণ ঈমানদার। (আবূ দাউদ ও দারিমী)[1]

## ফুটনোট

[1] হাসান সহীহ: আবূ দাউদ ৪৬৮২, তিরমিয়ী ১১৭৮, দারিমী ২৭৯২, আহমাদ ৭৪০২, সিলসিলাতুস্ সহীহাহ্ ১১৬২, সহীহুল জামি' ২১১০, সহীহ আত্ তারগীব ১৯২৩, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৩০৩৭০, মুসনাদে আবূ ইয়া'লা ৭২৪০, সহীহ ইবনু হিব্বান ৪৭৯, শু'আবুল ঈমান ৭৯৮৩, সুনানুন্ নাসায়ী আর কুবরা ৯১৫৪, হিলইয়াতুল আওলিয়া ৯/২৪৮৯, আল মু'জামুল কাবীর ৮২৯, আল মু'জামুস্ সগীর ৬০৫, আর মুসতাদরাক ১, আস্ সুনানুল কুবরা ২১৩০২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَكْمَلُ الْمُؤْمِنِينَ إِيمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا) "পরিপূর্ণ ঈমানদার সেই ব্যক্তি যে ব্যক্তি সর্বোত্তম চরিত্রের অধিকারী।" এ প্রসঙ্গে ইবনু রাসলান (রহিমাহুল্লাহ) বলেনঃ "এখানে মানবজাতির ঐ সকল আচরণের কথা বলা হয়েছে যেই আচরণগুলো দৈনন্দিন জীবনে একজন অপরজনের সাথে প্রকাশ করে থাকে।" এ আচরণগুলো দু' প্রকার : প্রশংসনীয় এবং নিন্দনীয়। প্রশংসনীয় আচরণ, যেমন : মানুষের সাথে সদাচরণ করা, নম্র ও ভদ্র সুরে কথা বলা, বিপদে ধৈর্যধারণ করা, কষ্ট ও অত্যাচার সহ্য করা, সকল পাপ ও অনিষ্ট থেকে দূরে থাকা ইত্যাদি।

প্রখ্যাত ফকীহ হাসান বাসরী (রহিমাহুল্লাহ) বলেনঃ উত্তম চরিত্রের হাক্বীকাত হলো সৎ কাজ করা, কাউকে কষ্ট না



দেয়া এবং হাসিমুখে কথা বলা। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৬৭০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন